# জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব শুভ দেবনাথ
উপজেলা নির্বাহী অফিসার
তজুমদ্দিন, ভোলা।

তারিখ : ১২/০৭/২০২৩ খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ হল রুম, তজুমদ্দিন, ভোলা।

সভার উপস্থিত পরিশিষ্টি "ক" তে দেখানো হলো।

উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য-২ অধিশাখার পত্র নং ৩৩.০০.০০০০.১২৭.২৩.০০৬.২২.১৮০; তারিখ: ০৪/০৭/২০২৩ খ্রি. মোতাবেক আগামী (২৪-৩০ জুলাই, ২০২৩ খ্রি.) "নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ" এই প্রতিপাদ্য/স্লোগানকে সামনে রেখে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপিত হবে। উক্ত কর্মসূচি সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ১: বিস্তারিত আলোচনান্তে সপ্তাহব্যাপী নিম্নরুপ কার্যক্রম গ্রহনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| দিন ও তারিখ | কার্যক্রম | সময় | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ম দিন<br>সোমবার<br>২৪/০৭/২৩ খ্রি. | • মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা । | ৯.৩০ | • উপজেলার জনগুরুত্বপূর্ণ স্থান | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে সম্মেলন/মত বিনিময় সভা। | ১১.০০ | • উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য দপ্তর |
| ২য় দিন<br>মঙ্গলবার<br>২৫/০৭/২৩ খ্রি. | ব্যানার ফেস্টুন সহযোগে সড়ক র‌্যালি | ১০.০০ | • উপজেলার প্রধান প্রধান সড়ক সমূহ | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| | পোনামাছ অবমুক্তকরণ | ১০.৩০ | • উপজেলা পরিষদ সংলগ্ন পুকুর | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| | উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে : মাননীয় সংসদ সদস্য-১১৭, ভোলা-৩ মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেন। | ১১.০০ | • উপজেলা পরিষদ মিলনায়তন | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| | স্থানীয় পর্যায়ে তজুমদ্দিন উপজেলার ০৩ জন সফল মৎস্য চাষীকে পুরস্কার প্রদান | ১২.০০ | উপজেলা পরিষদ মিলনায়তন | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| | মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন। | ৪.০০ | • উপজেলা পরিষদ মিলনায়তন | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| ৩য় দিন<br>বুধবার<br>২৬/০৭/২৩ খ্রি. | প্রান্তিক পর্যায়ের মৎস্য চাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় সভা | ১১.০০ | • স্লুইজগেট মৎস্যঘাট | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| ৪র্থ দিন<br>বৃহস্পতিবার<br>২৭/০৭/২৩ খ্রি. | মৎস্য চাষিদের মাছচাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি ও পানি পরিক্ষা | ১০.৩০ | • হাজীকান্দি মৎস্যজীবী গ্রাম (এসডিএফ) | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| ৫ম দিন<br>শুক্রবার<br>২৮/০৭/২৩ খ্রি. | মৎস্য চাষিদের মাছচাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি ও পানি পরিক্ষা | ১০.০০ | • দক্ষিণ চাপঁড়ী মৎস্যজীবী গ্রাম, মহেষখালী সংলগ্ন | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| ৬ষ্ঠ দিন<br>শনিবার<br>২৯/০৭/২৩ খ্রি. | অবৈধ জাল/চরের বাধঁ কাটার বিরুদ্ধে অভিযান পরিচালনা | ১০.০০ | • মেঘনা নদী, তজুমদ্দিন | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |
| ৭ম দিন<br>রবিবার<br>৩০/০৭/২৩ খ্রি. | জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপণী অনুষ্ঠান | ১০.৩০ | • উপজেলা পরিষদ মিলানায়তন | উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর |

সিদ্ধান্ত ২: জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপনের বরাদ্দ-ব্যয় সম্পর্কে উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে এখন পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায়নি। তবে এ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে বরাদ্দ পাওয়া যাবে। সভায় বরাদ্দ ও ব্যয় নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয় এবং প্রাপ্ত বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ রেখে কার্যক্রম বাস্তায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৩: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান ,মৎস্য সপ্তাহ উপলক্ষে ০৩ (তিন জন শ্রেষ্ঠ মৎস্য চাষী নির্বাচন এবং সম্মাননা প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রনালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অত:পর অত্র উপজেলার শ্রেষ্ঠ মৎস্য চাষী নির্বাচনের জন্য উপজেলা মৎস্য কর্মকতা , তজুমদ্দিন ভোলা এর সমন্বয়ে ৩ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
কমিটি নিম্নরুপঃ

| ক্রমিক নং | নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | মোঃ আমির হোসেন | উপজেলা মৎস্য কর্মকতা,তজুমদ্দিন | |
| ০২. | মোঃ আল–আমিন | মেরিন ফিশারিজ অফিসার, তজুমদ্দিন | |
| ০৩. | মোঃ সিরাজুল ইসলাম | সভাপতি, মৎস্যজীবী লীগ, তজুমদ্দিন | |

উক্ত উপ-কমিটি কর্তৃক নির্বাচিত মৎস্যচাষীগনকে উপজেলা পর্যায়ে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ এর সম্মাননা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ ও জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপনে সার্বিক সহযোগিতা করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শুভ দেবনাথ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন কমিটি
তজুমদ্দিন, ভোলা।

পত্র নং-৩৩.০২.০৯২১.৫০১.১৯.০০১.২৩- তারিখ: ১২/০৭/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য, ১১৭, ভোলা-৩।
২. জেলা প্রশাসক, ভোলা ।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, ভোলা ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তজুমদ্দিন, ভোলা।
৫. অধ্যক্ষ, হোসনে আরা মহিলা কলেজ, তজুমদ্দিন, ভোলা।
৬-১৭.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/কৃষি কর্মকর্তা/প্রাণিসম্পদ কর্মকর্তা/পল্লী উন্নয়ন কর্মকর্তা/অফিসার ইনচার্জ, তজুমদ্দিন থানা/শিক্ষা কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/খাদ্য কর্মকর্তা/মহিলা বিষয়ক কর্মকর্তা/সমবায় কর্মকর্তা/আনসার ভিডিপি কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা।
১৮. ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, তজুমদ্দিন শাখা, ভোলা।
১৯. প্রধান শিক্ষক, তজুমদ্দিন বালক উচ্চ বিদ্যালয়, তজুমদ্দিন, ভোলা।
২০. কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, তজুমদ্দিন, ভোলা।
২১. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ,তজুমদ্দিন, ভোলা।
২১. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব/রিপোটার্স ইউনিট, তজুমদ্দিন, ভোলা।
২২. ক্লাস্টার অফিসার, সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), তজুমদ্দিন, ভোলা।
২৩. সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় মৎস্যজীবী লীগ, তজুমদ্দিন, ভোলা।
২৪. প্রতিনিধি, বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি, তজুমদ্দিন, ভোলা।
২৫. প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, তজুমদ্দিন, ভোলা।
২৬. জনাব ................... মৎস্যচাষী প্রতিনিধি, তজুমদ্দিন, ভোলা।
২৭. জনাব ................... .........................., তজুমদ্দিন, ভোলা।
২৮. অফিস কপি।

(মোঃ আমির হোসেন)
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ:দা:)
ও
সদস্য সচিব
জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন কমিটি
তজুমদ্দিন, ভোলা।